

Respecting Choices®

পেশেন্ট অ্যাডভোকেট সংক্রান্ত তথ্য - আপনার যা জানা প্রয়োজন

একজন পেশেন্ট অ্যাডভোকেট হচ্ছেন নিজের স্বাস্থ্যসেবা সংক্রান্ত সিদ্ধান্ত নিতে অক্ষম কোনো ব্যক্তির কোনো প্রিয়জন, পরিবারের সদস্য বা বন্ধু যাকে সেই ব্যক্তির পক্ষ থেকে জীবনের অবসান সংক্রান্ত সিদ্ধান্ত সহ স্বাস্থ্যসেবা সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণের জন্য তিনি নির্বাচন করেছেন। মিশিগানে, দুইজন চিকিৎসক অথবা একজন ডাক্তার ও একজন সাইকোলজিস্ট নির্ধারণ করে থাকেন যে কোনো ব্যক্তি নিজের সিদ্ধান্ত গ্রহণ করতে অক্ষম কিনা।

পেশেন্ট অ্যাডভোকেট অর্থ কী?

একজন পেশেন্ট অ্যাডভোকেট হওয়ার অর্থ হচ্ছে নিজের স্বাস্থ্য নিয়ে চিন্তা করতে বা কথা বলতে পারছেন না এমন কোনো ব্যক্তির জন্য আপনাকে স্বাস্থ্যসেবা সংক্রান্ত সিদ্ধান্ত নিতে হতে পারে। এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি ভূমিকা। একজন পেশেন্ট অ্যাডভোকেট হিসেবে আপনার দায়িত্বসমূহ সম্পর্কে আপনার ধারণা স্পষ্ট না হয়ে থাকলে প্রশ্ন জিজ্ঞেস করুন। যে ব্যক্তি আপনাকে নির্বাচন করেছেন তিনি আশা করছেন যে তিনি সক্ষম থাকলে যে সিদ্ধান্ত নিতেন আপনি সেরকম সিদ্ধান্ত গ্রহণ করবেন। তিনি আপনাকে মূল্য দেন এবং আপনি তার ইচ্ছা অনুসরণ করবেন বলে আপনার প্রতি আস্থা রাখেন।

আপনার নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তরে “হ্যাঁ” বলতে পারা উচিত:

- আমি কি এই ভূমিকা ও দায়িত্ব নিতে ইচ্ছুক?
- এই ব্যক্তি ভবিষ্যতে মেডিকেল সেবার জন্য কী চাইবেন তা কি আমার জানা আছে?
- আমি যে সিদ্ধান্ত গ্রহণ করি বলে তিনি চান আমি কি সেই সিদ্ধান্ত নিতে পারবো, এমনকি আমি যদি সেই সিদ্ধান্তের সঙ্গে অসম্মত হই তাহলেও?
- আমি কি মানসিক চাপ সৃষ্টিকারী পরিস্থিতিতে কঠিন মেডিকেল সিদ্ধান্তগুলো গ্রহণ করতে সক্ষম?

যদি এসব প্রশ্নের মধ্যে কোনোটির জন্য আপনার উত্তর “না” হয়, তাহলে যিনি আপনাকে নির্বাচন করেছেন তার সঙ্গে আপনার উদ্বেগগুলো নিয়ে আপনার কথা বলা উচিত।

একজন পেশেন্ট অ্যাডভোকেট হিসেবে, আপনাকে নিম্নলিখিত বিষয়ে সিদ্ধান্ত নিতে হতে পারে:

- মেডিকেল সেবা ও পরিষেবাসমূহ, যেমন পরীক্ষা, ওষুধ ও সার্জারি।
- ব্যক্তির নির্দেশনাসমূহের উপর ভিত্তি করে অথবা ব্যক্তির স্বার্থ রক্ষার জন্য কোনটি সবচেয়ে ভালো হবে তা বিবেচনায় নিয়ে চিকিৎসা বন্ধ করে দেওয়া।
- মেডিকেল রেকর্ডসমূহ প্রকাশ করা।
- কোন সংস্থা ও স্বাস্থ্যসেবা পেশাজীবী সেবা প্রদান করবে।

একজন পেশেন্ট অ্যাডভোকেট হিসেবে ভূমিকা পালনের জন্য প্রস্তুতি নেওয়া:

যিনি আপনাকে তার পেশেন্ট অ্যাডভোকেট হিসেবে নির্বাচন করেছেন তার সঙ্গে সময় নিয়ে কথা বলুন যাতে ভবিষ্যতে মেডিকেল সেবার ব্যাপারে তার পছন্দের বিষয়টি আপনি বুঝতে পারেন, যার মধ্যে জীবন অবসানের সময় সেবার বিষয়টিও অন্তর্ভুক্ত রয়েছে।

আপনার পরিবার বা বন্ধুর সঙ্গে কথোপকথনের মাধ্যমে নিম্নলিখিত বিষয়গুলো জেনে নিন:

“ভালোভাবে জীবনযাপনের জন্য কোন বিষয়টি আপনার কাছে গুরুত্বপূর্ণ?”

“কখন আর বেঁচে থাকার কোনো মূল্য থাকবে না?”

“কখন আপনি চাইবেন যে ডাক্তাররা আপনাকে বাঁচিয়ে রাখা চিকিৎসাটি বন্ধ করে দিক?”

“একটি শান্তিময় মৃত্যুকে আপনি কিভাবে বর্ণনা করবেন?”

নিম্নলিখিত বিবৃতিগুলো প্রায় ক্ষেত্রেই বিভিন্ন ব্যক্তির কাছে ভিন্ন ভিন্ন অর্থ বুঝায়। যিনি আপনাকে নিজের পেশেন্ট অ্যাডভোকেট হিসেবে বেছে নিয়েছেন তাকে এই প্রতিটি বিবৃতির অর্থ তার কাছে কেমন সেটা ব্যাখ্যা করতে বলুন। এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

উত্তরগুলো লিখে নিন এবং তাকে পড়ে শোনান যাতে আপনারা উভয়ে সুস্পষ্টভাবে বুঝতে পারার বিষয়টি নিশ্চিত করা যায়।

“আমি শুধু মর্যাদার সঙ্গে মৃত্যুবরণ করতে চাই।”

“যদি আমি জীবনমৃত অবস্থায় চলে যাই তাহলে আমাকে বাঁচিয়ে রাখবেন না।”

“আমাকে শুধু স্বস্তিতে রাখবেন।”

Respecting Choices®

পেশেন্ট অ্যাডভোকেট সংক্রান্ত তথ্য - আপনার যা জানা প্রয়োজন

মনে রাখবেন:

যদিও কোনো প্রিয়জনের সঙ্গে এসব বিষয় নিয়ে কথা বলা অস্বস্তিকর হতে পারে, এসব বিষয় আপনি যত ভালোভাবে বুঝতে পারবেন, আপনার প্রিয়জনের জন্য স্বাস্থ্যসেবা সংক্রান্ত সিদ্ধান্ত নেওয়ার জন্য আপনাকে ডাকা হলে আপনি তত ভালোভাবে প্রস্তুত থাকবেন। প্রিয়জনের প্রতি ভালোবাসার অংশ হিসেবে প্রস্তুতি নিচ্ছেন এমনটা ভাবুন। যদি আপনি স্বাস্থ্যসেবা এজেন্টের দায়িত্ব গ্রহণ করেন, তাহলে সেই দায়িত্ব পালনে অঙ্গীকারবদ্ধ থাকুন। সঠিক কাজটি করার জন্য নিজের প্রতি আস্থা রাখুন। যিনি আপনাকে নির্বাচন করেছেন তিনি আপনার প্রতি আস্থা রাখেন যে আপনি এটা পারবেন - এবং করবেন।



কিছু ব্যক্তি চান যে তাদের পেশেন্ট অ্যাডভোকেট তাদের বলে দেওয়া পছন্দের বিষয়গুলো কঠোরভাবে অনুসরণ করবেন এবং অন্যরা চান তাদের এজেন্ট যাতে সিদ্ধান্ত নেওয়ার সময়ে যেটা সবচেয়ে ভালো মনে হয় তার উপর ভিত্তি করে স্বাধীনভাবে সিদ্ধান্ত নেন।

আজই আলোচনা শুরু করে দিন!

Respecting Choices® দ্বারা প্রত্যায়িত একজন ফ্যাসিলিটেটরের সাথে কথা বলুন:

ফোন **947.522.1948**

ইমেইল **advancecareplanningeast@corewellhealth.org**

ওয়েবসাইট **beaumont.org/respecting-choices**

Respecting Choices®

PERSON-CENTERED CARE

© কপিরাইট। সর্বস্বত্ব সংরক্ষিত।